রেশমের পোশাক ও স্বর্ণ আমার উম্মতের পুরুষদের জন্য হারাম করা হয়েছে, আর তাদের নারীদের জন্য করা হয়েছে হালাল।

আলী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি, তিনি ডান হাতে রেশম ধরলেন এবং বাম হাতে স্বর্ণ, অতঃপর বললেন, ‘‘আমার উম্মতের পুরুষদের জন্য এ দু’টি বস্তু হারাম।’ আবূ মূসা ‘আশআরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
বলেছেন, “রেশমের পোশাক ও স্বর্ণ আমার উম্মতের পুরুষদের জন্য হারাম করা হয়েছে, আর
তাদের নারীদের জন্য করা হয়েছে হালাল।” [উভয় বর্ণনাসহ সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রেশম নিয়ে ডান হাতে রাখলেন এবং স্বর্ণ নিয়ে বাম হাতে রাখলেন, অতঃপর বললেন, এই দু’টি বস্তু –রেশম ও স্বর্ণ- আমার উম্মতের পুরুষদের জন্য হারাম। সুতরাং এ উম্মতের পুরুষদের জন্য রেশম ও স্বর্ণ পরিধান করা হারাম। তবে চুলকানি ও চর্ম রোগের জন্য রেশমি পড়া ছাড়া গত্যন্তর না থাকলে তা ব্যতিক্রম; এবং যেমন স্বর্ণের নাক। আর এ দু’টি বস্তু মহিলাদের জন্য হালাল। সুতরাং তারা এ দু’টি থেকে যা ইচ্ছা পরিধান করতে পারবে অপচয়ের সীমায় পৌঁছা পর্যন্ত। কেননা অপচয় জায়েয নয় –যা আল্লাহ তা‘আলার বাণী থেকে বুঝা যায়: “এবং তোমরা অপচয় করো না। নিশ্চয় তিনি অপচয়কারীকে পছন্দ করেন না।” [সূরা আল-আ‘রাফ, আয়াত: ৩১]

https://sunnah.global/hadeeth/bn/show/4292